



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৯৯

তারিখঃ ১৮ নভেম্বর, ২০২৩

### সংবাদ বিজ্ঞপ্তি

#### সহিংসতামুক্ত, অবাধ এবং নিরপেক্ষ নির্বাচন আশা করে জাতীয় মানবাধিকার কমিশন-

#### ড. কামাল উদ্দিন আহমেদ

জাতীয় মানবাধিকার কমিশন চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেছেন, কমনওয়েলথের প্রাক-নির্বাচনী পর্যবেক্ষক দল বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতার বিষয়ে জাতীয় মানবাধিকার কমিশন কি ভাবছে এবং আসন্ন নির্বাচন কে কেন্দ্র করে মানবাধিকার পরিস্থিতি নিয়ে কমিশনের পর্যালোচনা সম্পর্কে জানতে চেয়েছেন। আমরা সাম্প্রতিক সহিংসতার বিষয়ে আমাদের উদ্বেগ জানিয়েছি এবং আমরা বলেছি, আমরা চাই সহিংসতামুক্ত, অবাধ এবং নিরপেক্ষ নির্বাচন। নির্বাচনপূর্ব, নির্বাচনকালীন এবং নির্বাচন পরবর্তী সময়ে মানবাধিকার পরিস্থিতির যাতে অবনতি না ঘটে সেজন্য আমরা একটি ব্যবস্থা গ্রহণ করেছি। আমাদের বিভিন্ন কার্যক্রম জানতে পেরে তাঁরা সন্তোষ প্রকাশ করেছেন। এছাড়াও, ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট এর বিষয়ে তাঁরা কমিশনের মতামত জানতে চেয়েছেন। আমরা বলেছি, আমরা এই অ্যাক্টের বিতর্কিত ধারা সংশোধনের জন্য সরকারের কাছে সুপারিশ করেছি।

কমনওয়েলথের প্রাক-নির্বাচন পর্যবেক্ষক দল জাতীয় মানবাধিকার কমিশনের সঙ্গে বৈঠকের পর তিনি এসব কথা বলেন। আজ রবিবার কমিশন কার্যালয়ে এ বৈঠক হয়। বৈঠকে কমনওয়েলথ প্রাক-নির্বাচনী পর্যবেক্ষক দলের উপদেষ্টা এবং প্রধান লিনফোর্ড এন্ড্রুস, রাজনৈতিক উপদেষ্টা লিন্দে মালেলেকা, নির্বাহী কর্মকর্তা জিঞ্জি অজাগো, সহকারী গবেষণা কর্মকর্তা (এশিয়া) সার্থক রায়-উপস্থিত ছিলেন। এসময় কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন

০১৩১৩৭৬৮৪০৪